তারিখ ... 10 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

যুগান্তর

# জেএসসির খাতা না নেয়া ৬২৩ শিক্ষককে শোকজ

**যুগান্তর রিপোর্ট**

জেএসসি পরীক্ষার বাংলা প্রথমপত্রের উত্তরপত্র মূল্যায়ন করতে নিতে আসেননি ৬২৩ শিক্ষক। তাই তাদের শোকজ করেছে ঢাকা শিক্ষা বোর্ড। বুধবার বোর্ডটির ওয়েবসাইটে এই নোটিশ প্রকাশ করা হয়েছে। শোকজপ্রাপ্তদের ১৪ নভেম্বরের মধ্যে নোটিশের জবাব দিতে হবে। জবাব যৌক্তিক ও সন্তোষজনক না হলে সংশ্লিষ্টদের এমপিও স্থগিতসহ বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার জানান, 'আমরা এ বছর থেকে ঠিক করেছি বোর্ড যাদের চাইবে তাদেরই উত্তরপত্র মূল্যায়নে অংশ নিতে হবে। বাংলা বিষয়ের জন্য আমরা এমন ১৬০০ পরীক্ষক এবং ২০০ প্রধান পরীক্ষকের তালিকা করেছি। কিন্তু ৮ নভেম্বর খাতা বিতরণের দিন সংশ্লিষ্টদের মধ্যে এখন পর্যন্ত ৬২৩ শিক্ষক পাওয়া গেছে যারা সাড়া দেননি।

■ পৃষ্ঠা ৭ : কলাম ৬

## জেএসসির খাতা না নেয়া

(৩য় পৃষ্ঠার পর)

তাদের শোকজ করা হয়েছে। সন্তোষজনক জবাব পাওয়া না গেলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।' জানা গেছে, ২০১০ সালের ৫ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী শিক্ষকদের উত্তরপত্র মূল্যায়নে অংশ নেয়া বাধ্যতামূলক। এছাড়া ৬ নভেম্বর আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভায়ও এ নিয়ে একাধিক সিদ্ধান্ত হয়। পাবলিক পরীক্ষায় শিক্ষার্থীদের খাতা দেখার ক্ষেত্রে পরীক্ষকরা যাতে যত্নবান হন এবং ভুলভ্রান্তি কমে তার লক্ষ্যে এ পদক্ষেপ নেয়া হয়েছে। ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, এ ভুল এমনই যে, একবার কোনো উত্তরে কম নম্বর দেয়া হলে বাড়ানো যায় না। আর বেশি নম্বর দেয়া হলেও কমানো যায় না। অথচ এ ঘটনার প্রমাণ আমরা পেয়েছি। উল্লেখ্য, প্রশ্নপত্র ও উত্তরপত্র মূল্যায়নের মান উন্নয়নে আন্তঃশিক্ষা বোর্ড ৬ নভেম্বর ৭টি সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে বোর্ডের নির্বাচন অনুযায়ী শিক্ষকদের খাতা দেখা বাধ্যতামূলক।